আজকের কাগজ
16

অরিখ 06 NOV 1991
পৃষ্ঠা ২ কলাম ২

# সন্ত্রাস বিষয়ক কমিটি গতকাল কোনো রিপোর্ট দেয়নি

**কাগজ প্রতিবেদকঃ** শিক্ষাঙ্গনে সন্ত্রাস সম্পর্কিত কমিটি গতকাল মঙ্গলবার সংসদ অধিবেশনে কোনো রিপোর্ট দিতে পারেনি। আইন ও বিচারমন্ত্রী মীর্জা গোলাম হাফিজ সংসদকে জানান, আমাদের কাজ দ্রুত এগিয়ে চলছে। আমরা মোট চারটি বৈঠকে মিলিত হয়েছিলাম।

তিনি বলেন, গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও আজ স্বরাষ্ট্র সচিব ও আইজিকে কমিটি তলব করেছে। তাদের বিবৃতি আমরা নিয়েছি। আইন ও বিচার মন্ত্রী বলেন, কমিটির সদস্যরা কঠোর পরিশ্রম করেছেন।

অন্তবর্তীকালীন কোনো রির্পোট দেয়ার প্রয়োজন নেই। আমরা অন্যান্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সঙ্গে মত বিনিময় করবো। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে কথা বলবো। আগামী ৮ নভেম্বর কমিটি আবার বসবে।